

জাতীয় বিশ্ববিদ্যালয়

২০১৮ সাল হবে

সেশনজটমুক্ত

ঘোষণার বছর ॥

—উপাচার্য

স্টাফ রিপোর্টার, গাজীপুর। জাতীয় বিশ্ববিদ্যালয়ে ২৮ দিনব্যাপী শিক্ষকদের-বিষয়ভিত্তিক প্রশিক্ষণ মসলীবাব শুরু হয়েছে। গাজীপুর ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয়ের তত্ত্বাবধানে কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট প্রজেক্টের আওতায় অধিভুক্ত স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর কলেজে পাঠদানকারী শিক্ষকগণের জন্য এ প্রশিক্ষণ (২য় ব্যাচের) কার্যক্রমের উদ্বোধন করেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ। জাতীয় বিশ্ববিদ্যালয়ের আইস-চ্যান্সেলর প্রফেসর ড. হারুন-অর-রশিদ উদ্বোধনী অনুষ্ঠানে বলেন, ২০১৮ সালের মধ্যভাগ থেকে জাতীয় বিশ্ববিদ্যালয় হবে সম্পূর্ণ সেশনমুক্ত। তাই এ বছরটি হবে জাতীয় বিশ্ববিদ্যালয়কে সম্পূর্ণ সেশন জটমুক্ত ঘোষণার বছর। জাতীয় বিশ্ববিদ্যালয়ের জন্য সেশনজট ছিল বড় চ্যালেঞ্জ। উপস্থিত ছিলেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য প্রফেসর ড. হাফিজ মুহম্মদ হাসান বাবু, প্রফেসর ড. মোঃ মশিউর রহমান, কোর্স এডভাইজার প্রফেসর ড. তাজিন আজিজ চৌধুরী, প্রফেসর শাকের আহমেদ, প্রফেসর ড. মোঃ আবুল হোসেন ও প্রফেসর ড. মেজবাহ উদ্দিন আহমেদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্রের ভারপ্রাপ্ত ডিন প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়

প্রাপ্তি নং.....

তারিখ.....

টিক. পরিসংখ্যান বিভাগ	
টিক. ডি.এল.পি বিভাগ	
সিস্টেম ম্যানেজার	
সিস্টেম সিস্টেম এনালিস্ট	
প্রশাসনিক কর্মকর্তা	
পি.এ.	
কার্যকর/অকার্যকর	

স্বাক্ষর